ইত্তেফাক

তারিখ ২৭/৯/৮১

পৃষ্ঠা ........ কলাম

362

030

## বেলিজ জাতিসংঘের ১৫৬তম সদস্য

রয়টার জানায়, বেলিজ জাতিসংঘের ১৫৬তম সদস্য হইয়াছে। গত শুক্রবার সদ্য স্বাধীনতাপ্রাপ্ত বেলিজের জাতিসংঘ ভুক্তির প্রশ্নে ১৪৪টি দেশ পক্ষে ভোট দেয়। একমাত্র গুয়েতেমালা বিপক্ষে ভোট দেয়। ১০টি দেশের প্রতিনিধিরা ভোটাভুটির সময় অনুপস্থিত ছিলেন। ভোটাভুটির পর বেলিজের প্রধানমন্ত্রী জর্জ প্রাইস ও তাঁহার প্রতিনিধিদলকে স্বাগত জানানোর সঙ্গে সঙ্গে গুয়েতেমালার প্রতিনিধি ওয়াকআউট করেন। উল্লেখ্য, গুয়েতেমালা বেলিজের উপর স্বীয় অধিকারের দাবী জানাইয়া আসিতেছে।